



ভাইরাল অডিও নিয়ে ডিবি হেফাজতে ক্যান্টনমেন্ট থানার ওসি



ওসি রাকিবুল হাসান। ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি অডিও রেকর্ডের বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য ক্যান্টনমেন্ট থানার প্রত্যাহার হওয়া ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাকিবুল হাসানকে হেফাজতে নিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রাতে তাকে ডিবি কার্যালয়ে ডেকে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। ডিবি সূত্র জানিয়েছে, ভাইরাল অডিওটির বিষয়ে অনুসন্ধানের জন্য তিন সদস্যের একটি কমিটি করা হয়েছে। কমিটির সদস্যরাই রাকিবুল হাসানকে জিজ্ঞাসাবাদ করেন।

এর আগে বৃহস্পতিবার সকালে প্রশাসনিক কারণে রাকিবুল হাসানকে ওএসডি করা হয়। ডিএমপি কমিশনারের কার্যালয়ের আদেশে তাকে ডিএমপি সদর দপ্তরের প্রশাসন বিভাগের কেন্দ্রীয় সংরক্ষণ দপ্তরে সংযুক্ত করা হয়।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া অডিওটিতে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরা নিয়ে রাকিবুল হাসানের কথোপকথন শোনা যায়। তবে অডিওটির সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি।

এদিকে নিজের ফেসবুক প্রোফাইলে দেওয়া এক পোস্টে রাকিবুল হাসান দাবি করেন, ছড়িয়ে পড়া অডিওটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তি ব্যবহার করে তৈরি করা হয়েছে।

পরে অডিওটির বিষয়ে অনুসন্ধান চালাতে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। সেই অনুসন্ধানের অংশ হিসেবেই তাকে ডিবিতে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।